

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৯৯৭

পর্ব - ৮ঃ বিবাহ (১যা)

পরিচ্ছেদঃ মুতআ বিবাহ নিষিদ্ধ

আরবী

وَعَنْ عَلَيّ _ رضي الله عنه _ قَالَ: نَهَى رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم _ عَنْ الْمُتْعَةِ عَامَ خَيْبَرَ. مُتَّفَقٌ عَلَيْهِ

صحيح. رواه البخاري (5115)، ومسلم (1407)

বাংলা

৯৯৭. 'আলী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার যুদ্ধাভিযানের সময় 'মুতআহ' (সাময়িক বিবাহ) নিষিদ্ধ করেন।

'আলী (রাঃ) থেকে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মেয়েদের সাথে মুত'আহ বিবাহ করা, গৃহপালিত গাধার মাংস খাওয়া, খাইবার যুদ্ধে নিষিদ্ধ করে দিয়েছেন।[1]

[৯৯৮] রবী' বিন সাবরাহ (রহঃ) হতে বর্ণিত। তিনি তাঁর পিতা থেকে বর্ণনা করেন যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আমি তোমাদেরকে মেয়েদের সাথে 'মুতআ' বিবাহ (স্বল্পকালীন বিবাহ) করতে অনুমতি দিয়েছিলাম। অবশ্য আল্লাহ তাআলা এখন কিয়ামত পর্যন্ত তা হারাম করে দিয়েছেন। যদি ঐরূপ কোন মেয়ে কারো নিকটে এখনও থেকে থাকে। তবে তার পথকে উম্মুক্ত করে দিবে অর্থাৎ তাকে বিদায় করে দিবে এবং তাকে তোমাদের দেয়া কিছু ফেরত নেবে না। মুসলিম, আবূ দাউদ, ইবনু মাজাহ, আহমাদ ও ইবনু হিব্বান।[1]

ফুটনোট



[1] বুখারী ৪২১৬, ৫১১৫, ৫৫২৩, ৫৯৬১, মুসলিম ১৪০৭, তিরমিয়ী ১১২১, ১৭৯৪, নাসায়ী ৩৩৬৪, ৩৩৬৫, ৩৩৬৬, ইবনু মাজাহ ১৯৬১, আহমাদ ৫৯৩, ৮১৪, মুওয়াত্তা মালেক ১০৮০, দারেমী ১৯৯০, ২১৯৭।

[2] মুসলিম ১৪০৬, আবূ দাউদ২০৭২, ইবনু মাজাহ ১৯৬২, নাসাঈ ৩৩৬৮, আহমাদ ১৪৯১৩, ১৪৯২১, দারিমী ২১৯৫, ২১৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন